

B.A. 4<sup>th</sup> Semester (Programme) Examination 2022

বাংলা

Course Title : রবীন্দ্রসাহিত্য

Course ID : 40118

Course Code : APBNG-401C-1D

সময় : ২ ঘন্টা

পূর্ণমান: ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।  
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

- ১। যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও: ২×৫=১০
- ক) “যে আছে অপেক্ষা করে / তার পরনে ঢাকাই শাড়ি / কপালে সিঁদুর” – এখানে কে, কার জন্য অপেক্ষা করে আছে ?
- খ) ‘শিশুতীর্থ’ কবিতার কোন্ মহাপুরুষের জীবনের ছায়া ধরা পড়েছে? কবিতাটি কোন কাব্যের অন্তর্ভুক্ত?
- গ) রবীন্দ্রনাথের বাল্যজীবনের কোন ঘটনার সঙ্গে ‘কঙ্কাল’ গল্পের যোগ আছে ?
- ঘ) “কালই আমি যাচ্ছি” – কে, কোথায়, কেন যাচ্ছেন ?
- ঙ) ‘যোগাযোগ’ উপন্যাসে মধুসূদনের বাড়িতে যে শিশুটি থাকত তার নাম কী ? কুমুদিনী তাকে কী বলে ডাকতো?
- চ) কোন্ পত্রিকায় ‘যোগাযোগ’ প্রকাশিত হয় ? উপন্যাসের পূর্বনাম কী ছিল ?
- ছ) অচলায়তনের উত্তর দিকের জানলা খোলা নিষিদ্ধ ছিল কেন ?
- জ) ‘অচলায়তন’ নাটকে ব্যবহৃত দুটি গানের প্রথম চরণ দুটি উল্লেখ করো।
- ২। যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও: ৫×২=১০
- ক) “কে দিয়েছে হেনশাপ, কেন ব্যবধান” – এই উক্তিটির তাৎপর্য বুঝিয়ে দাও।
- খ) “আমি কি কেবল একটা টাকার থলি...” – এই বক্তব্যের মাধ্যমে বক্তার প্রতিবাদ কতটা ধ্বনিত হয়ে উঠেছে তা বুঝিয়ে দাও।
- গ) ‘যোগাযোগ’ উপন্যাসে ‘শ্যামাসুন্দরী’ চরিত্রটির গুরুত্ব আলোচনা করো।
- ঘ) ‘অচলায়তন’ নাটকে বর্ষার গুরুত্ব বুঝিয়ে দাও।
- ৩। যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও: ১০×২=২০
- ক) ‘সাধারণ মেয়ে’ কবিতার বক্তা কোন্ অর্থে সাধারণ হয়েও অসাধারণ হয়ে উঠেছে তা বুঝিয়ে দাও।
- খ) নারীর স্বাধিকার বিষয়ে রবীন্দ্রনাথের ভাবনা ‘স্ত্রীর পত্র’ গল্পে কিভাবে প্রকাশ পেয়েছে তা বুঝিয়ে দাও।
- গ) ‘কুমুদিনী’ চরিত্রের মধ্যে রবীন্দ্রনাথ তাঁর জীবনাদর্শকে অনেকাংশে প্রস্ফুটিত করেছেন – এই মন্তব্যের সার্থকতা বিচার করো।
- ঘ) ‘অচলায়তন’ নাটকের নামকরণের সার্থকতা বিচার করো।